

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-১৪৭

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২৩ ব./ ০২ মার্চ ২০১৭ খ্রি।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকদের অনুকূলে ২য় পর্যায়ের অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত বিভাজন ও শর্তসমূহ পূরণপূর্বক বিভাগীয় কমিশনারদের অনুকূলে ২য় পর্যায়ে ২,০০০ (দুই হাজার) মেঃ টন গমের মূল্য ৫,৭৯,৮৯,৬৪০.০০ (পাঁচ কোটি ঊনআশি লক্ষ ঊননব্বই হাজার ছয়শত চল্লিশ) টাকা এবং জেলা প্রশাসকদের অনুকূলে ২য় পর্যায়ে প্রতি জেলায় ৫০ (পঞ্চাশ) মেঃ টন হারে (৬৪X৫০) ৩,২০০.০০০ (তিন হাজার দুইশত) মেঃ টন গমের মূল্য ৯,২৭,৮৩,৪২৪.০০ (নয় কোটি সাতাশ লক্ষ তিরিশি হাজার চারশত চক্কিশ) টাকা সর্বমোট ৫,২০০.০০০ (পাঁচ হাজার দুইশত) মেঃ টন গমের মূল্য সর্বমোট ১৫,০৭,৭৩,০৬৪/- (পনের কোটি সাত লক্ষ তিয়াত্তর হাজার চৌষট্টি) টাকা (প্রতি মে.টন ২৮,৯৯৪.৮২ টাকা হারে) নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় বাজেট কোড নং-৩-৪৯০৩-০০০১-৫৯৯২ হতে ব্যয় নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিভাগের নাম	বরাদ্দকৃত খাদ্যশস্য (গম) মেঃ টন
১।	ঢাকা (জেলা ১৩টি)	৪০৬.২৫০ মে.টন গমের মূল্য (১,১৭,৭৯,১৪৫.৬২৫ টাকা)।
২।	চট্টগ্রাম (জেলা ১১টি)	৩৪৩.৭৫০ মে.টন গমের মূল্য (৯৯,৬৬,৯৬৯.৩৭৫ টাকা)।
৩।	রাজশাহী (জেলা ৮টি)	২৫০.০০০ মে.টন গমের মূল্য (৭২,৪৮,৭০৫.০০ টাকা)।
৪।	খুলনা (জেলা ১০টি)	৩১২.৫০০ মে.টন গমের মূল্য (৯০,৬০,৮৮১.২৫ টাকা)।
৫।	বরিশাল (জেলা ৬ টি)	১৮৭.৫০০ মে.টন গমের মূল্য (৫৪,৩৬,৫২৮.৭৫ টাকা)।
৬।	সিলেট (জেলা ৪টি)	১২৫.০০০ মে.টন গমের মূল্য (৩৬,২৪,৩৫২.৫০ টাকা)।
৭।	রংপুর (জেলা ৮টি)	২৫০.০০০ মে.টন গমের মূল্য (৭২,৪৮,৭০৫.০০ টাকা)।
৮।	ময়মনসিংহ (জেলা ৪টি)	১২৫.০০০ মে.টন গমের মূল্য (৩৬,২৪,৩৫২.৫০ টাকা)।
	মোট=	২,০০০.০০০ (দুই হাজার) মেঃ টন গমের মূল্য (৫,৭৯,৮৯,৬৪০.০০ টাকা)।
৯।	জেলা প্রশাসকদের অনুকূলে ৫০ মেঃ টন হারে (৬৪X৫০)- ৩,২০০ মে.টন।	৩,২০০.০০০ মে.টন গমের মূল্য (৯,২৭,৮৩,৪২৪.০০ টাকা)।
	সর্বমোট=	৫,২০০.০০০ (পাঁচ হাজার দুইশত) মেঃ টন গমের মূল্য ১৫,০৭,৭৩,০৬৪/- (পনের কোটি সাত লক্ষ তিয়াত্তর হাজার চৌষট্টি) টাকা

শর্তসমূহঃ-

- (১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, কাজ সমাপ্তকরণ ও অর্থ ছাড়করণের সর্বশেষ সময়সীমা ৩০/০৪/২০১৭ খ্রিঃ তারিখ। প্রকল্পের কাজ শুরুর পূর্বে টি.আর নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্তৃক কমিটির নিকট প্রেরণ করে অনুমোদন নিতে হবে;
- (২) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির সর্বশেষ অনুমোদিত নির্দেশিকা যথাযথ অনুসরণ করতে হবে;
- (৩) প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সংশ্লিষ্ট নির্দেশিকার অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) এই আদেশে বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ দিয়ে সোলার প্যানেল ও বায়ুগ্যাস প্রকল্প বাস্তবায়ন করতে হবে (প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭১.০৪৬.১৩.০০.০০১.২০১৪-১৬৯(৪), তারিখ-২১/০৭/২০১৪ খ্রি.)। সোলার হোম সিস্টেমের পাশ্বে 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ' উল্লেখ করতে হবে। প্লেটটি আলো প্রতিফলনযোগ্য (Light Reflecting) হতে হবে।
- (৫) এই বরাদ্দের আওতায় উপজেলা কমপ্লেক্স ভবনে সীমিত আকারের সোলার প্যানেল প্রতিস্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে;
- (৬) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- (৭) বিভাগীয় কমিশনারগণ এবং জেলা প্রশাসকগণ যেসব প্রকল্পে অর্থ বরাদ্দ প্রদান করবেন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে তার তালিকা প্রেরণকরতঃ অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্মসচিব (ত্রাণ-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।


অপর পাতা দ্রঃ

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-১৪৭

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২৩ ব./ ০২ মার্চ ২০১৭ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১০। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ ইসমাইল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)।